কালের কণ্ঠ

তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ২ ... কলাম ...

### চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

# প্রথম উপাচার্য নিয়োগে সার্চ কমিটি

**নূপুর দেব, চট্টগ্রাম ▷**

চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে প্রথম উপাচার্য (ভিসি) নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। এই দুই বিশ্ববিদ্যালয়ে দুজন উপাচার্য নিয়োগের জন্য পাঁচ সদস্যের সার্চ কমিটি করা হয়েছে। এ কমিটি আগামীকাল সোমবার সকালে স্বাস্থ্য মন্ত্রণালয়ে বৈঠকে বসবে। পরদিন মঙ্গলবার দুপুরে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সার্চ কমিটির আরেকটি বৈঠক হবে। ওই বৈঠকে দুজন উপাচার্যের নাম চূড়ান্ত হতে পারে বলে সংশ্লিষ্টরা জানান।

গত বৃহস্পতিবার স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের চিকিৎসা শিক্ষা-১ শাখার উপসচিব খান মো. নূরুল আমীন স্বাক্ষরিত এক চিঠিতে এ দুটি বৈঠকের কথা সংশ্লিষ্টদের জানানো হয়।

এই চিঠির তথ্য অনুযায়ী, পাঁচ সদস্যের যে সার্চ কমিটি করা হয়েছে তার সভাপতি করা হয়েছে বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাছানকে। কমিটির সদস্যরা হলেন বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড সার্জনসের সভাপতি অধ্যাপক ডা. সানোয়ার হোসেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (ওঅ্যান্ডএম), স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা)।

চিঠিতে আগামীকাল সোমবার সকাল ১১টায় মন্ত্রণালয়ের মিনি সম্মেলন কক্ষে সার্চ কমিটির বৈঠকে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) ও যুগ্ম সচিবকে (চিকিৎসা শিক্ষা) উপস্থিত থাকতে বলা হয়েছে। পরদিন দুপুর সাড়ে ১২টায় একই মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে ভিসি নিয়োগ নিয়ে সার্চ কমিটির সঙ্গে বৈঠকের কথা রয়েছে চিঠিতে।

সংশ্লিষ্টরা জানান, প্রায় তিন মাস আগে স্বাস্থ্য অধিদপ্তর হয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে দুই মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য নিয়োগের জন্য সম্ভাব্য কয়েকজনের নামের তালিকা প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হয়েছিল। ওই তালিকা থেকে সরাসরি নিয়োগ না দিয়ে উপাচার্য নিয়োগের জন্য পাঁচ সদস্যের সার্চ কমিটি করা হয়। এই কমিটি আগামীকাল বৈঠকে বসে চূড়ান্ত করবে ভিসি নিয়োগের বিষয়টি। পরদিন সার্চ কমিটির সঙ্গে উপাচার্য নিয়োগ নিয়ে মতবিনিময় করবেন স্বাস্থ্যমন্ত্রী। ওই বৈঠকে নাম চূড়ান্ত হলে তা প্রস্তাব আকারে পাঠানো হবে প্রধানমন্ত্রীর কার্যালয়ে। প্রধানমন্ত্রীর অনুমোদনের পর রাষ্ট্রপতির কাছে এ-সংক্রান্ত নথি পাঠানো হবে। রাষ্ট্রপতি নিয়োগ দেবেন চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নতুন দুই উপাচার্য। আর উপাচার্য নিয়োগের পর শুরু হবে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়নকাজ। সেই সঙ্গে অন্যান্য লোকবল নিয়োগও শুরু হবে।

জানা যায়, চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয় জাতীয় সংসদে পাস হওয়ার পর গত ১২ মে রাষ্ট্রপতি অনুমোদন দেন। এর মধ্যে চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয় কোথায় হবে, স্থান এখনো চূড়ান্ত হয়নি। সর্বশেষ গত ৭ অক্টোবর গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন সীতাকুণ্ডের ফৌজদারহাট এলাকা পরিদর্শন করেন। ওই সময় মন্ত্রীর সঙ্গে ছিলেন অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত। এর আগে গত ১ জুলাই চট্টগ্রাম সফরকালে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন চট্টগ্রাম মেডিক্যাল কলেজের অব্যবহৃত জায়গা পরিদর্শন করেন। ওই দিন স্বাধীনতা চিকিৎসক পরিষদের ইফতার মাহফিল উপলক্ষে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে তাঁরা চট্টগ্রাম মেডিক্যাল কলেজের জায়গায় মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপনের ঘোষণা দেন। এরপর গত ১৫ জুলাই গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন ওই জায়গা পরিদর্শন করে ঘোষণা দেন চট্টগ্রাম মেডিক্যাল কলেজের নৈসর্গিক সৌন্দর্যের আধার পাহাড়ি এলাকা ও সমতল সমন্বয়ে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়টি হবে। তবে চট্টগ্রাম মেডিক্যাল কলেজের জায়গায় বিশ্ববিদ্যালয় হচ্ছে না। ফৌজদারহাট বক্ষব্যাধি ও ইনস্টিটিউট অব ট্রপিক্যাল মেডিসিন অ্যান্ড রিসার্চ সেন্টার এলাকায় এই বিশ্ববিদ্যালয় হবে, সেটা অনেকটা নিশ্চিত বলে জানা গেছে।